

# ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

জনতথ্য বিভাগ 'ওয়াসা ভবন'

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৩৮৯

তারিখঃ ২৯/০৩/২০২২

বার্তা সম্পাদক

"দৈনিক সমকাল"

ঢাকা।

**বিষয়ঃ প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার প্রতিবাদ।**

গত ২৭ মার্চ, ২০২২ তারিখে আপনাদের "দৈনিক সমকাল" পত্রিকার প্রথম পাতায় "ছাঁটাইয়ে জোর মুনাফায় নজর" শিরোনামে প্রকাশিত সংবাদটি ঢাকা ওয়াসার দৃষ্টি গোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার বক্তব্য নিম্নরূপঃ

প্রতিবেদক প্রথমেই উল্লেখ করেছেন যে, 'ঢাকা ওয়াসাকে পুর্ণাঙ্গ' বানিজ্যিক প্রতিষ্ঠানে পরিনত করার উদ্যোগ নিয়েছে বর্তমান কর্তৃপক্ষ'। শুরুতেই তথ্যগত ভুল। বাস্তবতা হচ্ছে এই যে ওয়াসা এ্যাস্ট-১৯৯৬ অনুযায়ি ঢাকা ওয়াসা বানিজ্যিকভাবে পরিচালিত একটি সেবামূলক প্রতিষ্ঠান। রাজধানীবাসিকে পানি ও পয়ঃ সেবা দেয়া এ সংস্থার মূল কাজ।

বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ঢাকা ওয়াসার প্রশাসনকে ঢেলে সাজানোর উদ্যোগ নেয়া হয়। ফলশ্রুতিতে ঢাকা ওয়াসা রাজধানীবাসির দৈনিক পানির চাহিদার উদ্বৃত্ত পানি উৎপাদনের সক্ষমতা অর্জন করে। ইতোমধ্যে পরিবেশবান্ধব, টেকশই ও গণমূখী পানি ব্যবস্থাপনা প্রতিষ্ঠার লক্ষ্যে ওয়াটার মাস্টার প্ল্যান ও সূয়ার মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছে। এর আলোকে ঢাকা ওয়াসা'র সমুদয় কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রতিবেদক নিশ্চয় অবগত আছেন যে, বর্তমান সরকার বাংলাদেশকে আধুনিক যুগোপযোগি করার লক্ষ্য নিয়ে ডিজিটাল বাংলাদেশ গড়তে দৃঢ় প্রতিষ্ঠা। এরই পরিক্রমায় ঢাকা ওয়াসা শতভাগ ডিজিটাল করার লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছে। স্বভাবতঃই ঢাকা ওয়াসা'র সাংগঠনিক কাঠামো (অর্গানিশাম) পরিবর্তন অত্যাবশ্যক হয়ে পড়েছে। তবে এ অর্গানিশাম এ ছাঁটাইয়ের কোন বিষয় নেই, বরং ঢাকা ওয়াসাকে দক্ষ জনবল সমৃদ্ধ করার বিষয় সম্পৃক্ত আছে। ঢাকা ওয়াসা সরকারের দিক নির্দেশনা মোতাবেকই আউটসোর্সিং করছে। এখানে কোন দূর্নীতি হচ্ছে না। দূর্নীতির বিষয়টি প্রতিবেদকের মনগড়া। ঢাকা ওয়াসা এ বিষয়ে শুণ্য সহিষ্ণুতা নীতি অনুসরন করে থাকে। আর একটি বিষয় লক্ষ্য রাখতে হবে; আর তা হ'ল প্রতিষ্ঠান সেবা প্রদান করতে যেরে যেনে লোকসানী সংস্থায় পরিনত না হয় এবং সরকারী ভর্তুকির উপর নির্ভর না করতে হয় সে বিষয়েও ব্যবস্থা নেয়ার প্রয়োজনীয়তা রয়েছে।

পরিশেষে, প্রতিবেদনটি সম্পর্কে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্যটি আপনাদের "দৈনিক সমকাল" পত্রিকার প্রবর্তী সংখ্যায় হ্বত্ত একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে

এ. এম. মোস্তফা তারেক  
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।

২০২২